# Times Today BD

গণমাধ্যম | 25 March, 2025

ঢাকায় অবস্থানরত বিভিন্ন গণমাধ্যমে কর্মরত ঠাকুরগাঁও জেলার সাংবাদিকদের সংগঠন 'ঠাকুরগাঁও সাংবাদিক ফোরাম, ঢাকা'-এর নতুন কমিটি গঠন করা হয়েছে।

বাংলাদেশ প্রতিদিনের সিনিয়র রিপোর্টার মানিক মুনতাসির সভাপতি ও সমকালের সিনিয়র রিপোর্টার দেলওয়ার হোসেন সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন।

রোববার রাজধানীর বাংলামোটরে রুপায়ন ট্রেড সেন্টারে অবস্থি একটি ক্লাবে সংগঠনের সাধারণ সভা ও ইফতার মাহফিল শেষে ১১ সদস্য বিশিষ্ট নতুন এ কমিটি ঘোষণা করা হয়।দুই বছরের জন্য ঘোষিত কমিটির মনোনীত অন্যরা হলেন-সহসভাপতি সময় টেলিভিশনের মাহবুব আলম রাজ, যুগ্ম সাধারণ সম্পাদক কালবেলার সিনিয়র রিপোর্টার শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক ৭১ টেলিভিশনের আব্দুল লতিফ, অর্থ সম্পাদক বাসসের সিনিয়র রিপোর্টার জাহাঙ্গীর আলম, প্রচার সম্পাদক জিটিভির সিনিয়র রিপোর্টার সাজ্জাদ হোসেন ও নারী বিষয়ক সম্পাদক বেতারের নাহিদ শিউলী।

কার্যনির্বাহী সদস্যরা হলেন-ইনকিলাবের প্রধান প্রতিবেদক ফারুক হোসাইন, ডিবিসির আরবী নূর আপন ও ৭১ টেলিভিশনের নূর তাজমিন নীর।সংগঠনের উপদেষ্টা মনোনীত হয়েছেন, সিনিয়র সাংবাদিক মশিউর রহমান, প্রথম আলোর সারা বাংলার প্রধান তুহিন সাইফুল্লাহ ও ঢাকা পোস্টের সিনিয়র নিউজ এডিটর মাহাবুর আলম সোহাগ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পরিকল্পনা কমিশনের অতিরিক্ত সচিব বদরে মুনির ফেরদৌস, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক সাবিনা আলম, ঢাকা মেট্রোপলিটনের অতিরিক্ত পুলিশ কমিশনার এসএন, মো. নজরুল ইসলাম, জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব তৌফিক ইমাম ও নিউ ভিশন গ্রুপের ইসি চেয়ারম্যান বেলাল হোসাইন।

© 2025 TimesToday. All Rights Reserved.